দৈনিক সংবাদ

তারিখ ... 25 MAR 1991

পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

12

## প্রসঙ্গঃ সরকারী উচ্চ বিদ্যালয়ে শিক্ষক/শিক্ষিকা নিয়োগ

সম্প্রতি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তি মারফত সরকারী উচ্চ বিদ্যালয়সমূহে শিক্ষক/শিক্ষিকা নিয়োগের নিমিত্তে যে শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয়েছে, তাতে প্রশিক্ষণবিহীন স্নাতক প্রার্থীরা আবেদন করতে পারছে না। প্রশিক্ষণপ্রাপ্তদের বেলায় এসএসসি/এইচএসসি/স্নাতক পর্যায়ের যে কোন একটিতে দ্বিতীয় বিভাগ থাকতে হবে বলে বিজ্ঞাপনে উল্লেখ আছে। প্রশিক্ষণবিহীন অনেক মেধাবী স্নাতক ডিগ্রীধারী প্রার্থী রয়েছে, যাদেরকে সুযোগ দিলে শিক্ষাদানে এক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হতো। সেক্ষেত্রে তাদের বেলায় এসএসসি, এইচএসসি এবং স্নাতক পর্যায়ের প্রতিটিতেই কমপক্ষে দ্বিতীয় বিভাগ থাকতে হবে; এমন যোগ্যতা নির্ধারণ করা যেত। এমনিতেই বেকারত্বের অভিশাপে তরুণ সমাজ জর্জরিত; তার উপর নিয়োগ বিজ্ঞপ্তিতে অভিজ্ঞতা প্রশিক্ষণের বাধ্যবাধকতা আরোপ সে সমস্যাকে আরও প্রকট করে তোলে। একথা সত্য যে, বিজ্ঞাপনে উল্লেখিত শিক্ষাগত যোগ্যতার অধিকারী অনেক প্রার্থী রয়েছে, তারপরও অন্তত বেকারত্বের কথা চিন্তা করে হলেও প্রশিক্ষণবিহীন প্রার্থীদের কথা ভাবা যেতে পারে। এমনকি নিয়োগের ব্যাপারে এ ধরনের শর্তের উল্লেখ থাকতে পারে যে, নিয়োগের পর প্রশিক্ষণ গ্রহণ না করা পর্যন্ত নির্ধারিত স্কেলের চেয়ে নিম্নতর স্কেলে অর্থাৎ ১০০০/- টাকার স্কেলে বেতন ও ভাতাদি পাবে। এমতাবস্থায় সার্বিক দিক লক্ষ্য রেখে বিষয়টি সহৃদয় বিবেচনার জন্য যথাযথ কর্তৃপক্ষের সু ও আশুদৃষ্টি আকর্ষণ করছি।

গৌতম সাহা
গ্রাঃ ডাঃ পোড়াকান্দুলিয়া
ময়মনসিংহ।